দৈনিক আমাদের সময়

তারিখ ... 11 NOV 2017 ...
পৃষ্ঠা ... ১৮ ... কলাম ... ৫ ...

এসএসসি পরীক্ষা

# বরিশালে ফরম পূরণে অতিরিক্ত অর্থ আদায়

**বরিশাল প্রতিনিধি ●**
এসএসসি পরীক্ষায় ফরম পূরণের নামে জেলার সর্বত্র বাড়তি অর্থ আদায়ের অভিযোগ উঠেছে। অধিকাংশ বিদ্যালয়ে বোর্ড নির্ধারিত ফির চেয়ে দ্বিগুণ টাকা নেওয়া হচ্ছে। আবার কোনো কোনো স্কুলে কোচিং ফি বাধ্যতামূলক করা হয়েছে। এ অবস্থায় কোনো ধরনের রসিদ ছাড়াই ফরম পূরণে তিন থেকে চার হাজার টাকা পর্যন্ত গুনতে হচ্ছে শিক্ষার্থীদের।

সন্তানদের পরীক্ষার কথা চিন্তা করে দরিদ্র পরিবারের অভিভাবকদের ধারদেনা করে ফরম পূরণের টাকা পরিশোধ করতে হচ্ছে। বিদ্যালয় কর্তৃপক্ষও বাড়তি অর্থ নেওয়ার কথা স্বীকার করে নানা খাতের অজুহাত দেখাচ্ছে। শিক্ষা বোর্ড থেকে ফরম পূরণের ফি নির্ধারণ করে দেওয়া সত্ত্বেও তা মানছে না স্কুলগুলো। এ ক্ষেত্রে বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের দাবি, উপজেলা মাধ্যমিক শিক্ষক সমিতির সিদ্ধান্ত ক্রমেই এ অর্থ গ্রহণ করা হচ্ছে।

আগৈলঝাড়া উপজেলার মাহিলাড়া এএন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধানশিক্ষক প্রণয় কান্তি অধিকারী বলেন, বোর্ড যেটা নির্ধারণ করেছে তার সঙ্গে উপজেলা মাধ্যমিক শিক্ষক সমিতির সিদ্ধান্ত মোতাবেক টাকা নিয়ে ফরম পূরণ করা হচ্ছে। সেক্ষেত্রে দুস্থ পরিবারের পরীক্ষার্থীদের বেলায় অবশ্যই ছাড় দেওয়া হচ্ছে। তবে কত টাকা নিয়ে ফরম পূরণ করা হচ্ছে, তা তার মনে নেই বলেও জানান।

বরিশাল জেলা প্রশাসক মো. হাবিবুর রহমান বলেন, এ ঘটনায় লিখিত অভিযোগ পেলে তদন্তসাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। বরিশাল শিক্ষা বোর্ড চেয়ারম্যান প্রফেসর মো. জিয়াউল হক বলেন, এসএসসি ফরম পূরণের নামে যদি কেউ অতিরিক্ত অর্থ আদায় করেন, তা হলে তদন্তপূর্বক কঠোর ব্যবস্থা নেওয়া হবে।